



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৩ - ৩৬৫৩


তারিখ: ২০/০৪/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে” কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকদের অগ্রিম প্রদানের মাধ্যমে ট্যাব ও ল্যাপটপ ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। উক্ত ট্যাবের মাধ্যমে মাঠ সংগঠকদের সমিতি পর্যায়ে দৈনন্দিন কার্যক্রম যেমন- সমিতির সাপ্তাহিক সভা, সঞ্চয়, ঋণ আদায় এবং সদস্যদের আয়বর্ধক কর্মকাণ্ডের ছবি ধারণ করে সুবিধাজনক সময়ে নিয়মিতভাবে ফেসবুক আইডিতে আপলোডকারার জন্য অত্র দপ্তর স্বারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৫৬৫ তারিখ ১০/০৩/২০১৬ খ্রি: মূলে নির্দেশ দেয়া হয়েছে। কিন্তু বিশেষ ভাবে লক্ষ্য করা যাচ্ছে নিম্নে বর্ণিত উপজেলায় কর্মরত ইরেসপো কর্মকর্তা-কর্মচারী নিয়মিতভাবে বিগত ০৭ (সাত) দিন ফেসবুকে তাদের কোন আয়বর্ধনমূলক কর্মকাণ্ডের ছবি ধারণ করে ফেসবুকে আপলোড করেননি। যা বর্ণিত আদেশের সুস্পষ্ট লঙ্ঘন এবং দাপ্তরিক কাজে গাফেলতি ও অবহেলাকে প্রকাশ করে। এ থেকে প্রতিয়মান হয় বর্ণিত উপজেলাসমূহের কর্মকর্তা-কর্মচারী বিগত ০৭ (সাত) দিন প্রকল্পের কর্মকাণ্ডের সম্পূর্ণ ছিলেন না। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে নিম্নে বর্ণিত উপজেলায় কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকদের এপ্রিল/২০১৬ মাসের ০৭ দিনের মূল বেতন স্থগিত করা হলো :

ক্রঃ নং	উপজেলার নাম	জেলা	মন্তব্য
০১	বাঘারপাড়া, শার্শা	যশোর	এপ্রিল/২০১৬ মাসের ০৭ দিনের মূল বেতন স্থগিত থাকবে।
০২	শৈলকূপা	ঝিনাইদহ	
০৩	চরফ্যাশন	ভোলা	

২। পরবর্তি আদেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো।


২৬/০৪/১৬
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলাঃ.....,
জেলাঃ.....।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৩ -

তারিখ: ২০/০৪/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ....., জেলাঃ.....।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ....., জেলাঃ.....।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপ- পরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
৫. পরিচালক (সরেজমিন), একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সংশ্লিষ্ট নথি/গার্ডফাইল।


২০/০৪/২০১৬
আরিফুল হক
সহকারী পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।